# সবাইকে লাল গোলাপের শুভেচ্ছা



ক্লাশ পরিচালনায়

# নাম- খ. ম. রওশন হাবিব

## পদবী- চিফ ইনস্ট্রাক্টর(নন-টেক) ম্যানেজমেন্ট

# সিরাজগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট

# ১১.১ আয়কর/ Income Tax

আয়ের উপর যে কর প্রদান করতে হয়, তা-ই আয়কর। কোনো ব্যক্তি, ব্যক্তিসংঘ, হিন্দু অবিভক্ত পরিবার, ফার্ম, কোম্পানী ও প্রতিষ্ঠান অর্জিত বা নির্ধারিত আয়ের উপর সুনির্দিষ্ট হারে সরকারের নিঃশর্তে প্রত্যক্ষ উপকার প্রত্যাশা না করে যে অর্থ বা কর প্রদান করে তাকে আয়কর বলা হয়। এই কর নির্ধারণ, পরিগণনা ও করদায় নিষ্পত্তি, কর মামলা ও পরিশোধের জন্য রয়েছে বিধিবদ্ধ আইন ও পদ্ধতি।

আধুনিক ডিক্শনারির সংজ্ঞা মতে, "Tax levied by a Government directly on income, especially an annual tax on personal income." সরকার কর্তৃক ব্যক্তি আয়ের বার্ষিক আয়ের উপর সরাসরি ধার্যকৃত করকে আয়কর বলে।"

## ১১.২ আয়করের উদ্দেশ্য (Objects of Income Tax)ঃ

- **রাজস্ব আদায়ঃ** রাজস্ব সংগ্রহ হলো কর ধার্যের মূল লক্ষ্য । কর হলো রাজস্ব সংগ্রহের সকল পদ্ধতির ভিতর সর্বশ্রেষ্ঠ ও প্রধান । এ রাজস্ব আদায় আয়করের মূল উদ্দেশ্য।

- **শিল্প সংরক্ষণঃ** বিদেশী শিল্পের বিভিন্ন অসম প্রতিযোগিতা হতে সরকার দেশের নতুন নতুন শিল্প প্রতিষ্ঠানগুলোকে বাচানোর লক্ষ্যে যথপযুক্ত কর ধার্য করে। যেমন- যে সকল দ্রব্য আমদানী করে থাকে তাতে উচ্চহারে কর ধার্য ও যে সকল কাচামাল আমদানী করা হয় তাতে নিম্ন হারে কর নির্ধারণ করা হয়ে থাকে।

- **আয়ের পুনবন্টনঃ** আয়ের ভিন্নতার কারণে সামাজিক,অর্থনৈতিক ,রাজনৈতিক ও পারিপার্শ্বিক অবস্থার মধ্যে এক জটিলতার উদ্ভব হলে সরকার করের হার ,করের আওতা প্রয়োজন অনুযায়ী সর্বত্র বন্টন করে থাকেন। এ পুনবন্টনে দেশের সবত্র যে জনগণের ভিন্নমুখী মনোভাবের সৃষ্টি হয়ে তার নিরসন ঘটে।

- **অর্থনৈতিক নিয়ন্ত্রণঃ** সরকার কর প্রথা কে দেশের অর্থনৈতিক উন্নয়নে ও এর সমৃদ্ধি বিস্তারে এ হাতিয়ার অথবা ব্যবস্থা হিসাবে গ্রহণ করে থাকেন কর। জাতীয় আয় যখন কমে যায় তখন মুদ্রা সংকোচনের জন্য করের পরিমাণ কমিয়ে ও মুদ্রাস্ফীতির সময় যখন জাতীয় আয় বেড়ে তখন করের হার বৃদ্ধি করে সরকার দেশকে পরিচালনায় গুরুত্বপূর্ণ ভূমিকা প্রতিপালন করেন।

- **ভোগ নিয়ন্ত্রণঃ** ভোক্তাদের ক্ষতিকর দ্রব্যের ভোগ হতে, এই আরোপিত কর রক্ষা করে থাকে। যথা- মদ, গাজা, আফীম প্রভৃতি জাতীয় ক্ষতিকর দ্রব্যের উপর উচ্চহারে কর ধার্যের জন্য এর ব্যবহার হ্রাস পায়।

## ১১.৩ করদাতার শ্রেণিবিভাগ (Classification of assessee)ঃ

আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ২(৭) ধারার করদাতার যে সংজ্ঞা দেওয়া হয়েছে তাতে বলা হয়েছে, যে ব্যক্তি আয়কর অধ্যাদেশের বিধান অনুযায়ী কোন কর বা অন্য কোন অর্থ প্রদান করতে বাধ্য থাকে তাকে করদাতা (assessee) বলা হয়। ২(৪৬) ধারানুসারে করদাতাগণ সাত শ্রেণিতে বিভক্ত।

১. একক ব্যক্তি(Person)
২. অবিভক্ত হিন্দু পরিবার(A Hindu Undivided Family)
৩. কোম্পানী(Company)
৪. অংশীদারী প্রতিষ্ঠান(Firm)
৫. ব্যক্তিবর্গের সমিতি(Association of Parson)
৬. স্থানীয় স্বায়ত্ত শাসন প্রতিষ্ঠান(Local Authority)
৭. আইন-ধারা কৃত্রিম ব্যক্তি(An Artificial Judicial Person)।

কোন কিছু জানার থাকলে

বা কোন প্রশ্ন

সবাইকে ধন্যবাদ

